

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩২৪৫

আগরতলা, ০৯ জানুয়ারি, ২০২০

**ত্রিপুরা ষ্টেট মিউজিয়াম, উজ্জয়ন্ত প্রাসাদে ত্রিপুরা পুলিশ গ্যালারীর উদ্বোধন**

**নবীন প্রজন্ম রাজন্য আমল থেকে ত্রিপুরা পুলিশের  
ইতিহাস সম্পর্কে অবগত হতে পারবে : মুখ্যমন্ত্রী**

আজ বিকালে এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের মধ্য দিয়ে উজ্জয়ন্ত প্রাসাদে ত্রিপুরা ষ্টেট মিউজিয়ামের দোতলায় ফলক উন্মোচন ও ফিতা কেটে ত্রিপুরা পুলিশ গ্যালারীর উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। সেসময় তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী জায়া নীতি দেব, রাজ্য পুলিশের ভারপ্রাপ্ত মহানির্দেশক রাজীব সিং সহ পুলিশের পদস্থ আধিকারিকগণ। উদ্বোধনের পর মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ পুলিশ গ্যালারীটি ঘুরে দেখেন। সে সময় সাংবাদিকদের সাথে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, এই গ্যালারী স্থাপনের ফলে রাজ্যের নবীন প্রজন্ম রাজন্য আমল থেকে ত্রিপুরা পুলিশের ধারাবাহিক পরিবর্তনের ইতিহাস সম্পর্কে অবগত হতে পারবে। এর মাধ্যমে ত্রিপুরার ইতিহাস আরও সমৃদ্ধ হবে। যে সকল পর্যটক বাহরে থেকে আসবেন তারাও রাজ্যের গৌরবান্বিত ও সমৃদ্ধ পুলিশ ইতিহাস সম্পর্কে জানতে পারবেন। ত্রিপুরা পুলিশ গ্যালারী স্থাপনের জন্য মুখ্যমন্ত্রী আরক্ষা দপ্তরকে সাধুবাদ জানান।

উল্লেখ্য, রাজন্য আমল সহ ভারতবর্ষের সাথে যুক্ত হওয়ার পর এবং বর্তমান সময়ের পুলিশি ব্যবস্থা ও রাজ্য পুলিশের বিভিন্ন কর্মকাণ্ড এবং ১৯৮৭ সালের পর থেকে আজ পর্যন্ত সকল পুলিশ শহীদের বিবরণ এই গ্যালারীতে রয়েছে।

\*\*\*\*\*